

## হ্যাওয়ের ৩০ লাখ ডলারে বুয়েটে ওয়ারলেস ল্যাব

স্টাফ রিপোর্টার : টেলিযোগাযোগ  
 প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়নের দফতর  
 বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে  
 (বুয়েটে) গতকাল (মঙ্গলবার) থেকে চালু  
 হলো একটি অভ্যন্তরীণ ওয়ারলেস  
 কমিউনিকেশন ল্যাবরেটরি। বুয়েটের  
 ভিসি প্রফেসর ড. এ এম এম সফিউল্লাহ  
 আনুষ্ঠানিকভাবে এই ল্যাবরেটরি  
 উদ্বোধন করেন। এদেশের  
 টেলিযোগাযোগ খাতে দক্ষ প্রকৌশলী  
 গড়ে তুলতে বিশ্বের নেতৃত্বান্বিত তৃতীয়  
 প্রজন্মের টেলিযোগাযোগ সামগ্রী নির্মাণ  
 ও সরবরাহকারী প্রতিষ্ঠান হ্যাওয়ে  
 টেকনলজিস-এর একক অর্থায়নে এই  
 ল্যাবরেটরিটি নির্মিত হয়েছে।  
 বাংলাদেশের দ্রুত বিকাশমান  
 টেলিযোগাযোগ খাতের দক্ষ প্রকৌশলী  
 চাহিদা পূরণের দক্ষ হ্যাওয়ে তার  
 সামাজিক দায়িত্বশীলতার অংশ হিসেবে  
 এই ল্যাবরেটরিতে ৩০ লাখ মার্কিন  
 ডলার সমস্যার অভ্যন্তরীণ যন্ত্রপাতি  
 সরবরাহ করেছে। হ্যাওয়ে টেকনলজিস  
 (বাংলাদেশ) এবং বুয়েটের ইলেক্ট্রিক্যাল  
 এবং ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই)  
 বিভাগের সাথে ২০০৮ সালের জুন  
 মাসে এই ল্যাবরেটরি নির্মাণ বিষয়ক  
 একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। প্রধান  
 অতিথির বক্তব্যে ভিসি ড. এ এম এম  
 সফিউল্লাহ এই ল্যাবরেটরি নির্মাণে  
 হ্যাওয়ের আর্থিক সহায়তার জন্য  
 ধন্যবাদ জানিয়ে বলেন, এই ল্যাবরেটরি  
 টেলিযোগাযোগ শিল্পে কাজ করতে

উৎসাহী শিক্ষার্থীদের জন্য দারুন  
 সহায়ক হবে।  
 বুয়েটের কাজকর্ম ভবনে আয়োজিত এ  
 অনুষ্ঠানে ড. এ এম এম সফিউল্লাহ  
 আরো বলেন, এই ল্যাবরেটরি এদেশীয়  
 মেগাখী শিক্ষার্থীদের প্রশিক্ষণের অভাব  
 পূরণে সহায়তা করবে এবং দেশের  
 টেলিযোগাযোগ খাতের উন্নয়নে সহায়ক  
 ভূমিকা পালন করবে। হ্যাওয়ে  
 বাংলাদেশের উপ-প্রধান প্রতিিনিধি  
 ওয়াল্টার ওয়াং বলেন, বুয়েটের এই  
 কার্যক্রমের অংশ হতে পেরে আমরা  
 সম্মানিত বোধ করছি। উদ্বোধনী  
 অনুষ্ঠানে বাংলাদেশে অবস্থিত চীনা  
 দূতাবাসের কাশচারাল কাউন্সিলর পো  
 শ্যানজোন, হ্যাওয়ের মানবসম্পদ ও  
 প্রশাসন পরিচালক অসিফ জামান এবং  
 মানবসম্পদ ব্যবস্থাপক তৌহিদুল হাসান  
 এবং বুয়েটের ইইই বিভাগের প্রধান  
 অধ্যাপক আহম্মদ হক এবং একই  
 বিভাগের অধ্যাপক সত্য প্রসাদ  
 মধুমদার অন্যান্যের মধ্যে উপস্থিত  
 ছিলেন। এই অর্থায়নের আগেও  
 হ্যাওয়ে তার সামাজিক দায়িত্বশীলতা  
 এবং ইউনিভার্সিটি-ইন্ডাস্ট্রি লিংকেজ  
 প্রকল্পের আওতায় বুয়েটে ৫ লাখ ৮০  
 হাজার মার্কিন ডলার মূল্যের নেটওয়ার্ক  
 যন্ত্রপাতি ও পরীক্ষার সরঞ্জাম সরে এবং  
 বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল এন্ড  
 ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের  
 লেকচার-৩ এর শিক্ষার্থীদের জন্য দুটি  
 বৃত্তি চালু করে।